



“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বদলগাছী, নওগাঁ।

স্মারক নং- ৩২.০১.৬৪০৬.০০০.১৪.১৮০.১৭-২৬৫

তারিখঃ ২৩/০৯/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ “আইজিএ”প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তির মৌখিক পরীক্ষা প্রসংগে।

সূত্রঃ ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-১)-৬১৭ তারিখঃ ২৩/০৮/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তির বিষয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা (৯ম ব্যাচ,টেইলারিং ও ব্লক-বাটিক) ইতোপূর্বে পত্রিকায় বিজ্ঞপ্তি জারী করেন। ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীগণ বিজ্ঞপ্তি মোতাবেক ট্রেড অনুযায়ী অন-লাইনে আবেদন করেন। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ৯ম ব্যাচের প্রশিক্ষণার্থীদের আবেদন যাচাই-বাছাইকরণ প্রক্রিয়াটি মহামারি করোনাতাইরাস (কোভিড-১৯) এর কারণে সাময়িক ভাবে স্থগিত করা হয়। সূত্রোক্ত পত্র মোতাবেক প্রশিক্ষণার্থীদের তালিকা স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত করণের নির্দেশনা আছে। মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকার পত্র মোতাবেক আগামী ২৭/০৯/২০২০ খ্রিষ্টাব্দ তারিখ রোজ- রবিবার সকাল ১০.০০ ঘটিকায় সময় টেইলারিং ট্রেডের প্রশিক্ষণার্থী এবং দুপুর ১২.০০ ঘটিকায় ব্লক-বাটিক ট্রেডের প্রশিক্ষণার্থীদের ভর্তির মৌখিক পরীক্ষা স্বাস্থ্য বিধি মেনে নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, ইতোপূর্বে অন-লাইনে আবেদনকৃত ভর্তি ইচ্ছুক প্রার্থীগণ-কে নির্ধারিত তারিখ ও যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মোছাঃ মাহমুদা সুলতানা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বদলগাছী, নওগাঁ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) প্রেরণ করা হলো।

- ০১। প্রকল্প পরিচালক, “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ।
- ০৪। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ।
- ০৫। উপজেলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।
- ০৬। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।
- ০৭। উপজেলা সমাজসেবা অফিসার, বদলগাছী, নওগাঁ।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন অফিসার, বদলগাছী, নওগাঁ।।
- ০৯। প্রোগ্রাম অফিসার, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ।
- ১০। অফিস কপি।